

শ্রীশ্রীহরি সঙ্গীত

৯৯

- ৪। সে আমার এমনি ভৃত্য, কে জানে তাহার মাহাত্ম্য,
কিঞ্চিৎ জানিয়া তত্ত্ব, পাগল হয় ভোলানাথ গৌসাই।
ও সে ত্যজে কানী, শ্মসানবাসী, অঙ্গে মাখে চিতার ছাই।।
- ৫। কখন শ্যাম কখন শ্যামা, ত্রেতায় রাম অপার মহিমা,
রূপে তার নাই উপমা, ভারত পুরাণে শুনতে পাই।
ও সে ওড়াকান্দি হরিচন্দ্র, নবদ্বীপ ছিল নিমাই।।
- ৬। অশ্বিন তুই ভ্রান্ত মনে, তার চাকর বলিস কোন্ পুরাণে,
শঙ্কা কি নাই তোর মনে, চুপ থাক শ্রীগুরুর দোহাই।
সে যে কোটি ব্রহ্ম শিরোমমি রে, তার তুল্য দিতে নাই।।

১৪১ নং তাল-গড়খেমটা

হরি ভজ্ব কি আর তোমায়।

ইচ্ছা হয় ও দয়াময়, ভজ্বসে আজ আমায়।।

- ১। আমার বলতে যে ধন ছিল, সব দিয়েছি তোমায়।
আমি তোমার ধন তোমাকে দিয়ে, বসে আছি তোমার আশায়।।
- ২। ভক্তের অধীন, নাম ভক্তাধীন, বলে সবে তোমায়
(দয়াময় ও দয়াময়)

তুমি ভক্তের বাঞ্ছা পূর্ণ কর, আমি ঠেকাব না সে দায়।।

- ৩। এ দেহের ভার ঘুচাইতে, যদিচ দুঃখ হয়।
তোমার দুঃখ আমায় দিয়ে, তুমি সুখে থাক সদায়।।
- ৪। ভক্তগণে ভক্তির গুণে, বেঁধে তোমায় ঘুরায়।
আমি সে ধর্ম্মে দেই জলাঞ্জলি, যাতে তোমার শাস্তি না হয়।।
- ৫। হরিচাঁদের প্রেম সাগরে, ভাসি শেলকার প্রায়।
দয়াল মহানন্দের এই বাসনা, অশ্বিনী যেন ডুবে রয়।।